



195847 - যদি কোনে সন্তান তার দৈনন্দিন খরচ থেকে দান করে তাহলে এর সওয়াব কি বাবা পাবনে; নাকি ছলে পাবনে?

প্রশ্ন

আমি ছাত্র। আমি বাবার খরচে চলি। আমি আমার খরচ থেকে একটি অংশ মসজিদ নির্মাণে দিতে চাই। এর সওয়াব কি আমি পাব; নাকি আমার বাবা পাবনে? যহেতু তিনিই অর্থটার মালিক?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

আপনার বাবা আপনার খরচ ও প্রয়োজনে যে অর্থ আপনাকে দিয়েছেন সেটা থেকে আপনি যদি দান করেন তাহলে আল্লাহর অনুগ্রহ ও বদান্যতার কাছে এটাই কাম্য যে: আপনি দান করার গোটো সওয়াব পাবনে এবং আপনার পতিও অনুরূপ সওয়াব পাবনে; যদি এ সম্পদটি উপার্জন করছেন এবং আপনার পছিন্দে ব্যয় করছেন।

সহি বুখারী (১৪৪০) ও সহি মুসলিম (১০২৪)-এ আয়শো (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: “যদি কোন নারী তার স্বামীর ঘর থেকে অপচয় না করে কোন খাবার দান করে; তাহলে সে নারী এ দানের সওয়াব পাবনে, তার স্বামীও সওয়াব পাবনে এবং খাবার সংরক্ষণকারীও সওয়াব পাবনে। স্বামী সওয়াব পাবনে উপার্জনের, আর স্ত্রী সওয়াব পাবনে দান করার।”

কোন কোন রেওয়াজতে এসছে تصدقت (দান করে) আর কোন কোন রেওয়াজতে أنفق (খরচ করে)।

অতএব, শর্ত হচ্ছে এ ব্যয়ের মাধ্যমে যেন মূল মালিকের সম্পদ নষ্ট করা না হয়; যেন সন্তান বা স্ত্রী এমনভাবে ব্যয় করা যাত পতির সম্পদে ব্যাপক ঘাটতি তৈরি করে কিংবা স্বাভাবিকের চেয়ে বেশি খরচ করা। এ ধরণে ক্ষেত্রে সম্পদে মালিকের অনুমতি নিয়ো আবশ্যিক। [দেখুন: ফাতহুল বারী (৩/৩০৩)]

আল্লাহই সর্বজ্ঞঃ।